দৈনিক ইত্তেফাক

তারিখ ... 27 FEB 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

## ৩১ মার্চ হইতে সরকারী কলেজ শিক্ষকদের কর্মবিরতি

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ১৬ দফা দাবী আগামী ২৯শে মার্চের মধ্যে বাস্তবায়িত না হইলে সমিতির আহ্বানে সরকারী কলেজের শিক্ষকগণ ৩১শে মার্চ হইতে

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### কলেজ শিক্ষকদের

(প্রথম পৃঃ পর)

অবিরাম কর্মবিরতি পালনের সিদ্ধান্ত নিয়াছেন। সমিতির সভাপতি অধ্যক্ষ ডঃ হাবিবুর রহমান ও মহাসচিব অধ্যাপক আবু ইউসুফ গতকাল ( শুক্রবার ) এক যুক্ত বিবৃতিতে কর্মবিরতি পালনের জন্য ২০ মার্চের সাংগঠনিক প্রস্তুতি সম্পন্ন করার জন্য সমিতির সকল ইউনিটের প্রতি আহ্বান জানাইয়া বলেন, ক্লাশ বর্জন এবং আসন্ন ডিগ্রী পরীক্ষাও কর্মবিরতির আওতায় পড়িবে। নেতৃদ্বয় সরকারের প্রতি আহ্বান জানাইয়া বলেন, মন্ত্রণালয় ও সমিতির মধ্যকার সভায় ১৬ দফার আলোকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত না হইলে কর্মবিরতির কোন বিকল্প থাকিবে না। কারণ অতীতেও কর্তৃপক্ষ বহুবার সমস্যা সমাধানে সিদ্ধান্ত দিয়াছেন, কিন্তু বাস্তবায়ন করা হয় নাই।